

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-৫৪

তারিখঃ ২৬ কার্তিক ১৪২৩/১০ নভেম্বর ২০১৬খ্রি।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের নির্বাচনী এলাকাভিত্তিক ও সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে ১ম পর্যায়ে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (কাবিটা) খাতে নির্বাচনী এলাকাভিত্তিক সম্পূর্ণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা যথাক্রমে রাজশাহী-২, খুলনা-২, খুলনা-৩, ঢাকা-৬, ঢাকা-৭, ঢাকা-৮, ঢাকা-১০, ঢাকা-১২, ঢাকা-১৩, ঢাকা-১৫, ঢাকা-১৬, ঢাকা-১৭, গাজীপুর-২, চট্টগ্রাম-৯, চট্টগ্রাম-১০, চট্টগ্রাম-১১, ঢাকা-৪, ঢাকা-৫, ঢাকা-৯, ঢাকা-১১, ঢাকা-১৪, ঢাকা-১৮সহ মোট ২২টি আসন ব্যতীত এবং ১১টি আসন আংশিক সিটি কর্পোরেশনসনভুক্ত এলাকা যথাক্রমে রংপুর-৩, রংপুর-৪, খুলনা-৫, বরিশাল-৫, ঢাকা-২, গাজীপুর-১, গাজীপুর-৫, সিলেট-১, চট্টগ্রাম-৪, চট্টগ্রাম-৫ ও চট্টগ্রাম-৮ ব্যতীত ২৬৭টি নির্বাচনী এলাকার বিপরীতে নিম্নবর্ণিত বিভাজন অনুসারে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি সংসদীয় আসনের জন্য ৩০০ মেঃ টন চালের মূল্য হিসেবে ২৬৭X৩০০= ৮০,১০০ মে.টন চালের মূল্য ২৯৭,১৪,৭৬,১০৮.০০ (দুইশত সাতানব্বই কোটি চৌদ্দ লক্ষ ছিয়াত্তর হাজার একশত আট) টাকা এবং ৫০ টি সংরক্ষিত মহিলা আসনের জন্য ১০০ টন হারে মোট (৫০X১০০)=৫,০০০ (পাঁচ হাজার) মে.টন চালের মূল্য মোট ১৮,৫৪,৮৫,৪০০.০০ (আঠার কোটি চুয়াল্লিশ হাজার চারশত) সর্বমোটঃ ৮৫,১০০ (পচাশি হাজার একশত) মে.টন চালের মূল্য- ৩১৫,৬৯,৬১,৫০৮.০০ (তিনশত পনের কোটি উনসত্তর লক্ষ একষট্টি হাজার পাঁচশত আট) টাকা (প্রতি মে.টন ৩৭,০৯৭.০৮ টাকা) নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর হাড করা হলো। এই ব্যয় বাজেট কোড ৪৯০১-৫০৯০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	নির্বাচনী এলাকার বিবরণ	নির্বাচনী /সংরক্ষিত এলাকাভিত্তিক বরাদ্দের পরিমাণ	মোট বরাদ্দের পরিমাণ (চাল/টাকা)
১।	নির্বাচনী আসন ২৬৭ টি (২৬৭X৩০০)	৩০০ মেঃ টন চালের মূল্য (১১১,২৯,১২৪/-)	২৯৭,১৪,৭৬,১০৮/- (দুইশত সাতানব্বই কোটি চৌদ্দ লক্ষ ছিয়াত্তর হাজার একশত আট) (৮০,১০০ মে. টন চালের মূল্য) (প্রতি টন ৩৭,০৯৭.০৮ টাকা হারে)।
২।	সংরক্ষিত মহিলা আসন ৫০ টি (৫০X১০০)	১০০ মে.টন চালের মূল্য (৩৭,০৯,৭০৮/-)	১৮,৫৪,৮৫,৪০০/- (আঠার কোটি চুয়াল্লিশ হাজার চারশত) টাকা। (৫০০০ মে.টন চালের মূল্য) (প্রতি টন ৩৭,০৯৭.০৮ টাকা হারে)
		সর্বমোটঃ	৩১৫,৬৯,৬১,৫০৮/- (তিনশত পনের কোটি উনসত্তর লক্ষ একষট্টি হাজার পাঁচশত আট) টাকা মাত্র।

**শর্তসমূহ:**

- (১) ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখ। প্রকল্পের কাজ শুরুর পূর্বে কাবিটা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ/অনুমোদন করতে হবে;
- (২) এ কর্মসূচীর অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং কাবিটা নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে;
- (৪) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% অর্থ সোলার প্যানেল ও বায়ো গ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে।
- (৫) সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বরাদ্দ/ব্যবহারের ক্ষেত্রে কাবিটা নির্দেশিকা ২(ঙ) অনুচ্ছেদ প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

উপসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দৃঃ

২০/১১/২০১৬

## পূর্ব পাতা হতে


-২-

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৬-৫৪

তারিখঃ ২৬ কার্তিক ১৪২৩/১০ নভেম্বর ২০১৬খ্রি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৭। জেলা প্রশাসক, (সকল)------(মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে সকল মাননীয় সংসদ সদস্য, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মোঃ ইসমাইল হোসেন)  
উপসচিব (ত্রাক-২)